দৈনিক
জনকণ্ঠ

21 APR 2016
১৪ ...

রংপুর বিভাগ

# প্রাথমিক বৃত্তিতে শীর্ষে সাঘাটার শিশু নিকেতন

**নিজস্ব সংবাদদাতা, গাইবান্ধা, ২০ এপ্রিল ॥** প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা-২০১৫ এর বৃত্তি পরীক্ষার ফলাফলে এবারও সাফল্য অর্জন করে রংপুর বিভাগের শীর্ষে রয়েছে সাঘাটা উপজেলার জুমারবাড়ি ডাঃ আব্দুর রাজ্জাক শিশু নিকেতন স্কুল। এ স্কুল থেকে বৃত্তি লাভ করেছে ৯৩ ছাত্রছাত্রী।

মঙ্গলবার, প্রকাশিত ফলে জানা গেছে, ২০১৫ সালে অনুষ্ঠিতব্য প্রাথমিক সমাপনী পরীক্ষার ফলাফলের ভিত্তিতে সাঘাটা উপজেলায় ৯৮ জন ছাত্রছাত্রী ট্যালেন্টপুলে বৃত্তি লাভ করে। তার মধ্যে জুমারবাড়ি ডাঃ আব্দুর রাজ্জাক শিশু নিকেতন স্কুল থেকেই ট্যালেন্টপুলে বৃত্তি পেয়েছে ৮৬ জন। এছাড়াও সাধারণ গ্রেডে পেয়েছে ৭ ছাত্রছাত্রী। ওই স্কুল থেকে ৪২ জন ছাত্রীর মধ্যে ট্যালেন্টপুলে ৪০ জন এবং সাধারণ গ্রেডে ২ জন বৃত্তি লাভ করেছে।